

23 SEP 1989

দৈনিক ইত্তেফাক

তারিখ 23 SEP 1989

পৃষ্ঠা

৫

কলাম ৪

18

৩৫

৫৯টি শিক্ষা প্রকল্পে ৩৬৮ কোটি টাকা বরাদ্দ

কৃষি বিশ্ববিদ্যালয় (ময়মনসিংহ) সংবাদদাতা জানান, চলতি বছর বাষিক উন্নয়ন কর্মসূচীতে সার্ব-জনীন প্রাথমিক শিক্ষা প্রবর্তন, বিজ্ঞান শিক্ষার প্রসারসহ মাধ্যমিক শিক্ষা শক্তিশালীকরণ, কারিগরি ও বৃত্তিমূলক শিক্ষার বিস্তার ও সামগ্রিক শিক্ষার মান উন্নয়নের উপর বিশেষ গুরুত্ব আরোপ করা হইয়াছে এবং সর্বমোট ৫৯টি প্রকল্পের জন্য শিক্ষা ও ধর্মখাতে ৩৬৮ কোটি ৩ লক্ষ টাকা বরাদ্দ করা হইয়াছে।

প্রধান কর্মসূচীর অন্তর্গত ৪৪টি প্রকল্পের জন্য ৬৪৪ কোটি ৭৯ লক্ষ টাকা ও কারিগরি সহায়তা কর্মসূচীর অন্তর্গত ১৪টি প্রকল্পের জন্য ২২ কোটি ৯০ লক্ষ টাকা বরাদ্দ করা হইয়াছে।

এদিকে শিক্ষা ও ধর্মখাতে প্রধান কর্মসূচীর অধীনে ৪৪টি প্রকল্পের মধ্যে ৩৫টি শিক্ষা বিভাগ, ১টি প্রতিরক্ষা বিভাগ এবং বাকী ৮টি প্রকল্প ধর্মবিষয়ক মন্ত্রণালয়ের মাধ্যমে বাস্তবায়িত হইতেছে। কারিগরি সহায়তা কর্মসূচীর অন্তর্গত ১৪টি প্রকল্পই শিক্ষা বিভাগের আওতাধীন। প্রধান কর্মসূচীর শত-করা ৫৯ দশমিক ১২ ভাগ উন্নয়ন প্রাথমিক শিক্ষাখাতে ১৯ দশমিক ৩৮ ভাগ মাধ্যমিক ও উচ্চ শিক্ষা-খাতে, ৯ দশমিক ৮২ ভাগ কারিগরি শিক্ষাখাতে, ৫ দশমিক ৬৮ ভাগ, বিশ্ববিদ্যালয় শিক্ষা, ৩ দশমিক ২৫ ভাগ শিক্ষা বিভাগ কর্তৃক সরাসরি নিয়ন্ত্রিত নিজস্ব প্রকল্পসমূহ দশমিক ৫৮ ভাগ প্রতিরক্ষা মন্ত্রণালয় এবং ২ দশ-মিক ১৭ ভাগ ধর্মবিষয়ক মন্ত্রণা-লয়ের প্রকল্পসমূহের জন্য ব্যয় করা হইবে বলিয়া শিক্ষা মন্ত্রণা-লয় জানাইয়াছে।